



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট

মো: মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০
ইমেইল: prompa6@gmail.com
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দর দিয়ে এই প্রথম ৫১ টন আপেল আমদানির মাধ্যম দিয়ে হিমায়িত ফল আমদানির শুভ সূচনা”

মোংলা বন্দর দিয়ে এই প্রথম ২x৪০ কন্টেইনারে ৫১ টন আপেল আমদানি করা হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখ লাইবেরিয়ার পতাকাবাহী এম. ভি মার্কস হাই ফং জাহাজে মেসার্স এশিয়ান ফুটস্ (বিডি) লি: এই আপেল আমদানি করে। এশিয়ান ফুটস্ (বিডি) লি: এর জনাব সিরাজুল ইসলাম, সভাপতি (বিএফএফআইএ) কর্তৃক উক্ত আপেল আমদানি করা হয়েছে। ১৯ ডিসেম্বর, ২৩ খ্রি. তারিখ মোংলা কাস্টমস ও উদ্ভিদ সংঘ নিরোধ অফিসের প্রতিনিধি ও ট্রাফিক বিভাগের প্রতিনিধির উপস্থিতিতে পণ্য চালানটি কার্যিক পরীক্ষা সম্পন্ন করা হয়। ২১ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখ পণ্য চালানটি ডেলিভারি প্রদান করা হয়।

আমদানিকৃত হিমায়িত ফল ডেলিভারি প্রদানের শুভ সূচনা লগ্নে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী উপস্থিত থেকে অংশীজনদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। শুভেচ্ছা বিনিময় কালে আরো উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য, হারবার ও মেরিন, ক্যাপ্টেন মো: আসাদুজ্জামান, সদস্য, প্রকৌশল ও উন্নয়ন, ড. এ. কে. এম. আনিসুজ্জামান, পরিচালক ট্রাফিক কমান্ডার আব্দুল্লাহ আল মেহেদী, কাস্টমস কর্মকর্তাগন, আমদানিকারকগন, বিএফএফআইএ- এর সভাপতি জনাব মোঃ সিরাজুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাগন। আমদানিকারক কর্তৃক মোংলা কাস্টম হাউস, মোংলা বন্দর, উদ্ভিদ সংঘ নিরোধসহ সংশ্লিষ্ট সকলকেই এ কাজে সার্বিক সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

দক্ষিণ- দক্ষিণ পশ্চিমাঞ্চলের উন্নয়নের চাবিকাঠি স্বপ্নের 'পদ্মা সেতু' মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনের পর যোগাযোগ ব্যবস্থা, ব্যবসা- বানিজ্য তথা সার্বিক অর্থনৈতিক ক্ষেত্রে ব্যাপক সুফল পরিলক্ষিত হচ্ছে। আগে ফেরি থাকার কারণে ব্যবসায়ীরা ভোগান্তির জন্য মোংলা বন্দর ব্যবহার করতে চাইতেন না। এখন যেহেতু ঢাকা ও মোংলার মধ্যে কোনো ফেরি নাই, তাই পদ্মা সেতু হয়ে সরাসরি মোংলা বন্দর দিয়ে পণ্য আমদানি - রপ্তানি করতে ব্যবসায়ীদের আগ্রহ বেড়েছে। স্বল্প সময়ে জাহাজ হ্যান্ডলিং, জেটি অভ্যন্তরে কন্টেইনার স্টাফিং সুবিধা, পর্যাপ্ত ইকুইপমেন্ট সুবিধা ও নিরাপদ বন্দর হওয়ায় ব্যবসায়ীদের আগ্রহের কেন্দ্র বিন্দুতে পরিণত হচ্ছে মোংলা বন্দর।

স্বাক্ষরিত/-
উপসচিব